# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

কৃষি ব্যাংক ভবন

৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

ফোনঃ ০২২২৩৩৬৯৩১; ই-মেইলঃ dgmaccounts1@krishibank.org.bd


## কেন্দ্রীয় হিসাব বিভাগ

আন্তর্জাতিক ও হিসাব পরিপত্র নং-০২/২০২৬ তারিখঃ ০২.০৬.২০২৬

১। মহাব্যবস্থাপক, লোকাল প্রিন্সিপাল অফিস, ঢাকা

২। উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ

৩। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)

বাংলাদেশ কৃষি ব্যাংক

**বিষয় ঃ ৩০ জুন, ২০২৬ তারিখ ভিত্তিক বার্ষিক হিসাব সমাপনী প্রসঙ্গে**

শিরোনামে বর্ণিত বিষয়ে হিসাব ও জেনারেল ব্যাংকিং ম্যানুয়েল, ২০১০(১ম খন্ড) এর ১৩.০১ হতে ১৩.৪১ নং অনুচ্ছেদের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। সকল শাখাকে ম্যানুয়েলের উক্ত অনুচ্ছেদসমূহে বর্ণিত নির্দেশনা ও পরবর্তীতে বিভিন্ন সময়ে জারিকৃত পত্র/পরিপত্রের নির্দেশনা এবং সর্বোপরি আইসিটি সিস্টেমস বিভাগ/ আইসিটি অপারেশন বিভাগ/ ঋণ শ্রেণিবিন্যাস ও প্রজেক্ট মনিটরিং বিভাগ এর নির্দেশনানুযায়ী বার্ষিক হিসাব সমাপনী ৩০ জুন, ২০২৬ সম্পন্ন করতে হবে।

০৩। হিসাব সমাপনীর লক্ষ্যে নিম্নবর্ণিত দিক-নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করার জন্য সকলকে পরামর্শ প্রদান করা হলোঃ

৩.০১। **২১-চলতি আমানত হিসাব ঃ**

সকল চলতি হিসাব হতে (সরকারী হিসাব ব্যতীত) একাউন্ট মেইনটেনেন্স ফি বাবদ ৩০০/- টাকা এবং উক্ত ফি এর উপর ১৫% হারে ভ্যাট বাবদ ৪৫/- টাকাসহ সর্বমোট ৩৪৫/- (তিনশত পঁয়তাল্লিশ) টাকা আদায় করতে হবে। কোন চলতি হিসাবের স্থিতি ৩০০/- টাকা বা কম থাকলে সম্পূর্ণ টাকা কর্তন করতে হবে। হিসাবায়ন হবে নিম্নরূপ ঃ

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| ২১-চলতি হিসাব | ৪৬/১৬ (একাউন্ট মেইনটেনেন্স ফি) |
| | ৪১/১৪৪ (ভ্যাট অন একাউন্ট মেইনটেনেন্স ফি ) |

সূত্র নং- প্রকা/(হিসাব-১) পরিপত্র নং-৪/২০২১ তারিখঃ ২৭.০৬.২০২১।

৩.০২। **২২-সঞ্চয়ী আমানত হিসাব ঃ**

ক) ১ জানুয়ারী, ২০২৬ হতে ৩০ জুন, ২০২৬ পর্যন্ত প্রতি মাসের ন্যূনতম স্থিতিকে ভিত্তি ধরে সঞ্চয়ী আমানত হিসাবে যে কোন অংকের স্থিতির উপর নিম্নবর্ণিত হারে সুদ প্রদান করতে হবে। এক্ষেত্রে হিসাব ম্যানুয়েল ২০১০ এর অনুচ্ছেদ নং ১৯.১০ যথাযথভাবে অনুসরণ করতে হবে। সর্বনিম্ন সুদের পরিমাণ হবে ১০/- টাকা। সুদের উপর উৎসে কর কর্তনের ক্ষেত্রে অত্র বিভাগের পত্র নং- প্রকা/হিসাব(শাখা-১)/ভ্যাট ও ট্যাক্স ৬(৪৮)/২০২৪-২৫/১৫০ তারিখঃ ২৮.০৮.২০২৪ এর নির্দেশনা অনুসরণ করতে হবে। সঞ্চয়ী আমানত হিসাবের উপর ছকে উল্লিখিত হারে সুদ ধার্য করতে হবে ঃ

| সময়কাল | গ্রাম/শহর | সুদের হার |
|---|---|---|
| ২০.১২.২০২৩ তারিখ হতে চলমান | গ্রাম ও শহর নির্বিশেষে | ৪.৫০% |

সূত্র নং- হিসাব পরিপত্র নং-০৮/২০২৩ তারিখ ২০.১২.২০২৩

খ) সঞ্চয়ী আমানত হিসাবসমূহের গড় স্থিতির উপর নিম্নোক্ত হারে একাউন্ট মেইনটেনেন্স ফি আদায় করতে হবে ঃ

- ১০,০০০/- টাকা পর্যন্ত ঃ শুন্য
- ১০,০০১/- হতে ২৫,০০০/- টাকা পর্যন্ত ঃ ১০০/- টাকা
- ২৫,০০১/- হতে ২,০০,০০০/- টাকা পর্যন্ত ঃ ২০০/- টাকা
- ২,০০,০০১/- হতে ১০,০০,০০০/- টাকা পর্যন্ত ঃ ২৫০/- টাকা
- ১০,০০,০০০/- টাকার অধিক ঃ ৩০০/- টাকা

গ) এতদবিষয়ে ব্যাংকের **Schedule of Charges** অনুসরণ করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

চলমান পাতা-০২

ঘ) উপরোক্ত ক ও খ এর ক্ষেত্রে হিসাবায়ন হবে নিম্নরূপ ঃ

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| ১৩৩/... (সংশ্লিষ্ট সুদ ব্যয় উপখাতে অন্তর্ভুক্ত করতে হবে) | ২২-সঞ্চয়ী হিসাব |
| ২২-সঞ্চয়ী হিসাব | ৪১/২০৩ (আমানতের সুদের উপর উৎসে কর) |
| | ৪৬/১৬ (একাউন্ট মেইনটেনেন্স ফি) |
| | ৪১/১৪৪ (ভ্যাট অন একাউন্ট মেইনটেনেন্স ফি ) |

ঙ) **কৃষি ব্যাংক সুদমুক্ত সঞ্চয়ী হিসাব (২২/১৭)ঃ** পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ(শানিব্যউবি) পরিপত্র নং-১০/২০২৫ তারিখঃ ১৩.১১.২০২৫ অনুযায়ী "কৃষি ব্যাংক সুদমুক্ত সঞ্চয়ী হিসাব" চালু করা হয়েছে। এ হিসাব হতে একাউন্ট মেইনটেনেন্স ফি, আবগারী শুল্ক, হিসাব বন্ধের চার্জ, হিসাব বিবরণী ফি, অনলাইন ফি, এসএমএস চার্জ ও ক্লিয়ারিং চার্জ কর্তন করা যাবে না। ডিসেম্বর সমাপনীতে CBS এ স্বয়ংক্রিয়ভাবে সরকার কর্তৃক নির্ধারিত আবগারী শুল্ক একাউন্ট ডেবিট হয়ে ৪১/২০৪ খাতে ক্রেডিট হবে। **তবে পরবর্তী ০২ কর্মদিবসের মধ্যে শাখা কর্তৃক manually উক্ত আবগারী শুল্কের অর্থ সংশ্লিষ্ট একাউন্ট ক্রেডিট করে 133/36F- Excise Duty Expense for Interest-free Deposit Accounts খরচ খাত ডেবিট করতে হবে।**

চ) **কৃষি ব্যাংক হজ ও ওমরাহ্ সঞ্চয়ী হিসাব (২২/১৮) ঃ** পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ(শানিব্যউবি) পরিপত্র নং-১২/২০২৬ তারিখঃ ১০.০২.২০২৬ অনুযায়ী "কৃষি ব্যাংক হজ ও ওমরাহ্ সঞ্চয়ী হিসাব" চালু করা হয়েছে। এ হিসাব হতে একাউন্ট মেইনটেনেন্স ফি, আবগারী শুল্ক, হিসাব বন্ধের চার্জ, হিসাব বিবরণী ফি, অনলাইন ফি, এসএমএস চার্জ ও ক্লিয়ারিং চার্জ কর্তন করা যাবে না। গ্রাহক অন্য ব্যাংকের এটিএম বুথ ব্যবহার করলে চার্জ অত্র ব্যাংক হতে ভর্তুকী প্রদান করা হবে যা সংশ্লিষ্ট হিসাবে শাখা কর্তৃক এটিএম চার্জ সংক্রান্ত ১৩৩/৭০ উপখাত ডেবিট করে পুণঃভরণ করবে। ডিসেম্বর সমাপনীতে CBS এ স্বয়ংক্রিয়ভাবে সরকার কর্তৃক নির্ধারিত আবগারী শুল্ক একাউন্ট ডেবিট হয়ে ৪১/২০৪ খাতে ক্রেডিট হবে। **তবে পরবর্তী ০২ কর্মদিবসের মধ্যে শাখা কর্তৃক manually উক্ত আবগারী শুল্কের অর্থ সংশ্লিষ্ট একাউন্ট ক্রেডিট করে 133/36F- Excise Duty Expense for Interest-free Deposit Accounts খরচ খাত ডেবিট করতে হবে।**

৩.০৩। ২১৩-স্পেশাল নোটিশ ডিপোজিট (এসএনডি) হিসাব ঃ

স্পেশাল নোটিশ ডিপোজিট(এসএনডি) হিসাবে দৈনিক প্রোডাক্ট এর ভিত্তিতে সুদ প্রদান করতে হবে। সুদের উপর প্রযোজ্য হারে যথারীতি উৎসে কর কর্তন করতে হবে। এসএনডি হিসাব পরিচালনা ও এর উপর সুদ ধার্যকরণের ক্ষেত্রে পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-১৫/২০১০ তারিখঃ ১১.০৮.২০১০'এ বর্ণিত নীতিমালা অনুসরণ করতে হবে। ষান্মাসিক ভিত্তিতে প্রতিটি হিসাব হতে (সরকারী হিসাব ব্যতীত) একাউন্ট মেইনটেনেন্স ফি বাবদ ৫০০/- টাকা ও ভ্যাট বাবদ ৭৫/- সর্বমোট ৫৭৫/- (পাঁচশত পঁচাত্তর) আদায় করতে হবে। হিসাবের স্থিতি ৫০০/- (পাঁচশত) টাকার কম হলে সম্পূর্ণ টাকা কর্তন করতে হবে। এসএনডি হিসাবের উপর নিম্নোক্ত ছকে উল্লিখিত হারে সুদ ধার্য করতে হবে ঃ

| সময়কাল | স্তর | সুদের হার |
|---|---|---|
| ২০.১২.২০২৩ তারিখ হতে চলমান | ক. ১.০০ কোটি টাকার কম | ৪.০০% |
| | খ. ১.০০ কোটি ও তদূর্ধ্ব কিন্তু ২৫.০০ কোটি টাকার কম | ৪.৫০% |
| | গ. ২৫.০০ কোটি ও তদূর্ধ্ব কিন্তু ৫০.০০ কোটি টাকার কম | ৫.০০% |
| | ঘ. ৫০.০০ কোটি ও তদূর্ধ্ব | ৬.০০% |

সূত্র নং-হিসাব পরিপত্র নং-০৮/২০২৩ তারিখ ২০.১২.২০২৩।

৩.০৪। ২৩-স্থায়ী আমানত হিসাব ঃ

ক) বার্ষিক হিসাব সমাপনীকালে সকল মেয়াদপূর্ণ স্থায়ী আমানত হিসাবসমূহের উপর সুদ ধার্য করে যথাযথ খাতে হিসাবভুক্ত করতে হবে। সুদের উপর প্রযোজ্য হারে যথারীতি উৎসে কর কর্তন করতে হবে। সুদ ধার্যের ক্ষেত্রে নিম্নরূপ হিসাবায়ন হবে ঃ

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| ১৩৩/..... (সংশ্লিষ্ট সুদ ব্যয় উপখাতে অন্তর্ভুক্ত করতে হবে) | ২৩-স্থায়ী আমানত হিসাব |
| ২৩-স্থায়ী আমানত হিসাব | ৪১/২০৩-(আমানতের সুদের উপর উৎসে কর) |

খ) মেয়াদ পূর্ণ হয় নাই এমন হিসাবসমূহের ক্ষেত্রে ৩০ জুন, ২০২৬ তারিখ পর্যন্ত দিনের সংখ্যা হিসাব করে নির্ধারিত হারে সুদ প্রভিশন করতে হবে। **এ ক্ষেত্রে অত্র বিভাগ হতে জারীকৃত ২৫.০৪.২০১৮ তারিখের পত্র নং প্রকা/হিসাব-১/১(৪)/২০১৭-১৮/১২৯১ এর নির্দেশনা অনুসরণ করতে হবে। প্রভিশনকৃত সুদের উপর উৎসে কর কর্তন করা যাবে না।** প্রভিশন সুদ ধার্যের ক্ষেত্রে নিম্নরূপ হিসাবায়ন হবে ঃ

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| ১৩৩/..... (সংশ্লিষ্ট সুদ ব্যয় উপখাতে অন্তর্ভুক্ত করতে হবে) | ৪১/.....(সংশ্লিষ্ট স্থায়ী আমানতের প্রদেয় সুদ হিসাব) |

চলমান পাতা-০৩

গ) উল্লেখ্য আলোচ্য হিসাবের উপর সময়ে সময়ে জারীকৃত পরিপত্রের নির্দেশনা অনুযায়ী প্রযোজ্য হারে সুদ ধার্য/প্রভিশন করতে হবে।

৩.০৫। **২৩/1 বিকেবি ডাবল বেনিফিট স্কীম ঃ**

৬(ছয়) বছর মেয়াদী বার্ষিক ১২.২৫% চক্রবৃদ্ধি সুদ হার প্রযোজ্য হবে। সুদ প্রদান পদ্ধতি ও হিসাবায়ন পদ্ধতি অনুচেছদ নং-পরিপত্রের ৩.০৩ এর নির্দেশনা অনুসরণ করতে হবে। প্রচলিত হারে উৎসে আয়কর কর্তন করতে হবে। তবে শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগের ডিএমডি-১(শানিব্যউবি) পরিপত্র নং-০৫/২০১৪ তারিখঃ ২৫.০৬.২০১৪ মোতাবেক বর্তমানে উক্ত হিসাব খোলা বন্ধ করা হয়েছে। পরবর্তীতে শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগের ডিএমডি-১(শানিব্যউবি)পরিপত্র নং-১৪/২০১৪ তারিখঃ ১৯.১০.২০১৪ মোতাবেক পুনরায় ৮(আট) বছর মেয়াদী বার্ষিক ৯.২৫% চক্রবৃদ্ধি সুদ হারে উক্ত হিসাব চালু করা হয়। এ বিষয়ে শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগের পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ(শানিব্যউবি) পরিপত্র নং-০১/২০১৭ তারিখ ১৬.০২.২০১৭ যথাযথভাবে অনুসরণ করতে হবে।

সূত্র নং-ডিএমডি-১(শানিব্যউবি) পরিপত্র নং-০৩/২০১২ তারিখঃ ২৭.০৩.২০১২

৩.০৬। **২৩/2 বিকেবি মাসিক প্রফিট স্কীম ঃ**

৫(পাঁচ) বছর মেয়াদী বার্ষিক ১২.০০% সুদ হারে এবং পরবর্তীতে ১২.৫০% সুদ হারে (২৬.১২.২০১২ হতে) মাসিক ভিত্তিতে চলতি/সঞ্চয়ী আমানত হিসাবের মাধ্যমে সুদ প্রদানযোগ্য হবে। প্রচলিত হারে উৎসে আয়কর কর্তন করতে হবে। তবে শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগের ডিএমডি-১(শানিব্যউবি) পরিপত্র নং-০৫/২০১৪ তারিখঃ ২৫.০৬.২০১৪ মোতাবেক বর্তমানে উক্ত হিসাব খোলা বন্ধ করা হয়েছে। পরবর্তীতে শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগের ডিএমডি-১(শানিব্যউবি) পরিপত্র নং-১৪/২০১৪ তারিখঃ ১৯.১০.২০১৪ মোতাবেক পুনরায় ৩/৫(তিন/পাঁচ) বছর মেয়াদী বার্ষিক ১০.৮০% সুদ হারে উক্ত হিসাব চালু করা হয়।

সূত্র নং-ডিএমডি-১(শানিব্যউবি) পরিপত্র নং-০৩/২০১২ তারিখঃ ২৭.০৩.২০১২ এবং এ বিষয়ে শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগের পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ(শানিব্যউবি) পরিপত্র নং-০১/২০১৭ তারিখ ১৬.০২.২০১৭ এর নির্দেশনা যথাযথভাবে পরিপালন করতে হবে।

৩.০৭। **২৩/3 বিকেবি অবসর সঞ্চয় প্রকল্প ঃ**

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-২, বিকেবি, প্রকা, ঢাকা'র সার্কুলার লেটার নং-০৬/২০১৫ তারিখ ০৩.১১.২০১৫ এর নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৩.০৮। **২৩/4 বিকেবি ত্রৈমাসিক মুনাফা ভিত্তিক সঞ্চয় প্রকল্প ঃ**

৩(তিন) বছর মেয়াদী এ স্কীমের সুদ হারঃ
২৮.০৩.২০১৯ হতে বার্ষিক ৭.৫০%, ০১.০৯.২০২১ হতে পরিবর্তিত ৬.৫০% এবং ১৬.০৮.২০২৩ হতে পরিবর্তিত ৭.৫০%।

সূত্র নং-পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং-০৪/২০১৯ তারিখঃ ২৮.০৩.২০১৯
সূত্র নং-পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং-০৮/২০২১ তারিখঃ ৩১.০৮.২০২১
সূত্র নং-পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং-০৬/২০২৩ তারিখঃ ১৬.০৮.২০২৩

৩.০৯। **২৩/5 বিকেবি ডাবল প্রফিট স্কীম ঃ**

| সময়কাল | সুদের হার | দ্বিগুন হতে সময় |
|---|---|---|
| ৩১.০৩.২০১৯ তারিখ হতে | ৮.২৫% | ০৯ বছর |
| ৩১.০৮.২০২১ তারিখ হতে | ৭.০০% | ১২ বছর |
| ১৬.০৮.২০২৩ তারিখ হতে চলমান | ৮.২৫% | ১০ বছর |

সূত্র নং-পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং-০৭/২০১৯ তারিখঃ ৩১.০৩.২০১৯
সূত্র নং-পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং-০৮/২০২১ তারিখঃ ৩১.০৮.২০২১
সূত্র নং-পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং-০৬/২০২৩ তারিখঃ ১৬.০৮.২০২৩

৩.১০। **২৩/6 বিকেবি মাসিক মুনাফা প্রকল্প ঃ**

৭(সাত) বছর মেয়াদী এ স্কীমের সুদ হারঃ
২১.১০.২০১৯ হতে বার্ষিক ৮.০০%, ০১.০৯.২০২১ তারিখ হতে পরিবর্তিত ৭.০০% এবং ১৬.০৮.২০২৩ হতে পরিবর্তিত ৮% সুদ হার প্রযোজ্য হবে।

সূত্র নং-পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং-২৩/২০১৯ তারিখঃ ২১.১০.২০১৯
সূত্র নং-পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং-০৮/২০২১ তারিখঃ ৩১.০৮.২০২১
সূত্র নং-পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং-০৬/২০২৩ তারিখঃ ১৬.০৮.২০২৩

চলমান পাতা-০৪

৩.১১। **২১১-কর্মকর্তা/কর্মচারীদের নিরাপত্তা জামানতের উপর সুদ ঃ**

৩০ জুন, ২০২৬ বার্ষিক হিসাব সমাপনীকালে অফিসার (ক্যাশ)/কোষাধ্যক্ষ/সহকারী কোষাধ্যক্ষ/মুদ্রাক্ষরিক/অন্যান্য কর্মচারীদের নিরাপত্তা জামানতের উপর প্রচলিত ব্যাংক রেটের চেয়ে ৩% বেশী হারে সুদ প্রদান করতে হবে। উক্ত সুদের উপর প্রযোজ্য হারে যথারীতি উৎসে কর কর্তন করতে হবে।

সূত্র নং-অপারেশন পরিপত্র নং-৮৭/৯৩ তারিখঃ ২৪.০৮.৯৩ ও অপারেশন পরিপত্র নং-২৫/২০০৩ তারিখঃ ১৫.১১.২০০৩

৩.১২। **২২২-শিক্ষক সঞ্চয় প্রকল্প ঃ**

বিকেবি, ''শিক্ষক সঞ্চয় প্রকল্প'' হিসাবে জমা টাকার উপর বার্ষিক ৬.৫০% চক্রবৃদ্ধি হারে সুদ প্রদান করতে হবে। সুদ ১৩৩/৩৭(সি) হিসাব খাত ডেবিট এবং ২২২-শিক্ষক সঞ্চয় প্রকল্প হিসাব খাত ক্রেডিট করতে হবে। উল্লেখ্য, সুদের উপর প্রযোজ্য হারে উৎসে কর কর্তন করতে হবে।

সূত্র - হিসাব ও নিরীক্ষা(হিসাব-১) পরিপত্র নং-১৬/০২ তারিখঃ ১৪.০৯.০২ ও প্রকা/হিসাব-১/১(৭৪)/০৮-০৯/১২৩৯ তারিখ ০৫.০৩.০৯

৩.১৩। **২২৩-ক্ষুদ্র সঞ্চয় প্রকল্প ঃ**

বিকেবি, '' ক্ষুদ্র সঞ্চয় প্রকল্প'' হিসাবে জমা টাকার উপর বার্ষিক ৬.০০% চক্রবৃদ্ধি হারে সুদ প্রদান করতে হবে। উক্ত হিসাবের সুদ ১৩৩/৩৭(ডি) হিসাব খাত ডেবিট এবং ২২৩-ক্ষুদ্র সঞ্চয় প্রকল্প হিসাব খাত ক্রেডিট করতে হবে। উল্লেখ্য, প্রদত্ত সুদের উপর প্রযোজ্য হারে উৎসে কর কর্তন করতে হবে।

সূত্র -নিরীক্ষা ও হিসাব (হিসাব-১)পরিপত্র নং-২১/২০০২ তারিখঃ ০২.১২.২০০২ ও প্রকা/হিসাব-১/১(৭৪)/০৮-০৯/১২৩৯ তারিখ ০৫.০৩.০৯

৩.১৪। **২২৫-শিক্ষা সঞ্চয় প্রকল্প ঃ**

''শিক্ষা সঞ্চয় প্রকল্প'' হিসাবের উপর নিম্নোক্ত ছকে উল্লেখিত হারে সুদ প্রদান করতে হবে। উক্ত সুদ ১৩৩/৩৭(ই) খাত ডেবিট এবং ২২৫ শিক্ষা সঞ্চয় প্রকল্প হিসাব খাত ক্রেডিট করতে হবে। সুদের উপর প্রযোজ্য হারে উৎসে কর কর্তন করতে হবে।

| মাসিক কিস্তি ভিত্তিক সঞ্চয় প্রকল্প | এককালীন জমা ভিত্তিক আমানত প্রকল্প |
|---|---|
| ৫ বছর মেয়াদের জন্য বার্ষিক-৫.০০%<br>৭ বছর মেয়াদের জন্য বার্ষিক-৫.৫০%<br>১০ বছর মেয়াদের জন্য বার্ষিক-৬.০০% | ৭ বছর মেয়াদের জন্য বার্ষিক-৬.৫০%<br>১০ বছর মেয়াদের জন্য বার্ষিক-৭.০০%<br>১৫ বছর মেয়াদের জন্য বার্ষিক-৭.২৫% |

সূত্র -পরিকল্পনা ও পরিচালন বিভাগের পরিপত্র নং-২৭/২০০৩ তারিখঃ ০৪.১২.২০০৩ ও ০১/২০১৭ তারিখঃ ১৬.০২.২০১৭

৩.১৫। **২২৬-বাংলাদেশ কৃষি ব্যাংক সঞ্চয় স্কীম ঃ**

উক্ত হিসাবের সুদ ১৩৩/৩৭(এফ) হিসাব খাত ডেবিট এবং ২২৬-বাংলাদেশ কৃষি ব্যাংক সঞ্চয় স্কীম হিসাব খাত ক্রেডিট করতে হবে। প্রদত্ত সুদের উপর প্রযোজ্য হারে উৎসে কর কর্তন করতে হবে।

| মেয়াদ | সুদের হার (২৭.১১.০৭ হতে খোলা হিসাবের মেয়াদপূর্তি পর্যন্ত) | সুদের হার (১৬.০২.১৭ হতে খোলা হিসাবের ক্ষেত্রে) | মন্তব্য |
|---|---|---|---|
| ৭ বছর মেয়াদের জন্য | ৯.০০% | ৭.০০% | চক্রবৃদ্ধি সুদ হার প্রযোজ্য হবে |

সূত্র -হিসাব মহাবিভাগ/পরিপত্র নং-১০/২০০৭ তারিখঃ ২৭.১১.২০০৭ ও পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ(শানিব্যউবি)পরিপত্র নং-০১/২০১৭ তারিখঃ ১৬.০২.২০১৭

৩.১৬। **২২৭-কৃষাণ-কৃষাণী সঞ্চয় স্কীম ঃ**

সঞ্চয়ী আমানত হিসাবের নীতিমালা অনুযায়ী এ স্কীমে জমাকৃত টাকার উপর সঞ্চয়ী আমানতের সুদের হার অপেক্ষা ১% বেশী সুদারোপ করতে হবে। উক্ত হিসাবের সুদ ১৩৩/৩৭(জি) খাত ডেবিট এবং ২২৭-কৃষাণ-কৃষাণী সঞ্চয় স্কীম হিসাব খাত ক্রেডিট করতে হবে। উল্লেখ্য, প্রদত্ত সুদের উপর প্রযোজ্য হারে উৎসে কর কর্তন করতে হবে।

সূত্র -ডিএমডি/পরিপত্র নং-হিসাব-০৫/২০০৬ তারিখ ২০.০৭.২০০৬

৩.১৭। **২২৮-মাসিক/ত্রৈমাসিক মুনাফা স্কীম ঃ**

এ স্কীমে মাসিক/ত্রৈমাসিক ভিত্তিতে নির্ধারিত হারে সুদ ধার্য করে ১৩৩/৩৭(এইচ) হিসাব খাত ডেবিট এবং ২২৮ হিসাব খাত ক্রেডিট করতে হবে। উল্লেখ্য, প্রদত্ত সুদের উপর প্রযোজ্য হারে উৎসে কর কর্তন করতে হবে। এ স্কীমের সুদের হার নিম্নরূপ ঃ

| মেয়াদ | সুদের হার (০৫.১০.০৮ হতে খোলা মাসিক/ত্রৈমাসিক হিসাবের মেয়াদপূর্তি পর্যন্ত) | সুদের হার (১৬.০২.১৭ হতে খোলা হিসাবের ক্ষেত্রে প্রযোজ্য) | মন্তব্য |
|---|---|---|---|
| ৩/৫ বছরের জন্য | ৮.৫০% ও ৯.০০% | ৬.৫০% | সরল সুদ হার প্রযোজ্য |

চলমান পাতা-০৫

সূত্র -হিসাব মহাবিভাগ/পরিপত্র নং-০৫/২০০৮ তারিখঃ ০৫.১০.২০০৮ ও পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ(শানিব্যউবি)পরিপত্র নং-০১/২০১৭ তারিখঃ ১৬.০২.২০১৭

৩.১৮। **২২৯-বিকেবি মাসিক সঞ্চয় স্কীম (এমএসএস) ঃ**

বার্ষিক ভিত্তিতে প্রতি জুন মাসে চক্রবৃদ্ধি হারে সুদ ধার্য করে ১৩৩/৩৭(জে) হিসাব খাত ডেবিট এবং ২২৯ বিকেবি মাসিক সঞ্চয় স্কীম হিসাব খাত ক্রেডিট করতে হবে। প্রযোজ্য হারে উৎসে কর কর্তন করতে হবে। এ স্কীমে সুদের হার নিম্নরূপঃ

| ক্রঃ | মেয়াদ | সুদের হার | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | ২৩.০১.১২ হতে ২৫.০৬.১৪ পর্যন্ত খোলা হিসাবের মেয়াদপূর্তি পর্যন্ত | ২৬.০৬.১৪ হতে ০৫.১২.১৬ খোলা হিসাবের মেয়াদপূর্তি পর্যন্ত | ০৬.১২.১৬ হতে ১৫.০২.১৭খোলা হিসাবের মেয়াদপূর্তি পর্যন্ত | ১৬.০২.১৭ হতে খোলা হিসাবের ক্ষেত্রে | |
| ক | ৩ বছর মেয়াদী | ১১.০০% | ১০.০০% | ৮.০০% | ৬.০০% | চক্রবৃদ্ধি সুদ হার প্রযোজ্য |
| খ | ৫ বছর মেয়াদী | ১০.৫০% | ৯.৫০% | ৮.০০% | ৭.০০% | |
| গ | ১০ বছর মেয়াদী | ৯.৫০% | ৯.০০% | ৮.০০% | ৭.০০% | |

সূত্র- পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ(শানিব্যউবি)পরিপত্র নং-২০/২০১৬ তারিখঃ ০৬.১২.২০১৬ ও ০১/২০১৭ তারিখঃ ১৬.০২.২০১৭

৩.১৯। **২৩০-স্টুডেন্ট সেভিংস একাউন্ট ঃ**

স্টুডেন্ট সেভিংস একাউন্ট এ জমাকৃত টাকার উপর ব্যাংকের নির্ধারিত সঞ্চয়ী আমানতের জন্য প্রযোজ্য সুদ হার অপেক্ষা ১% বেশি হারে সুদ প্রদান করতে হবে। প্রদানকৃত সুদ হতে সরকারি ফি (যথাঃ উৎসে কর ও আবগারী) ব্যতীত অন্য কোন চার্জ/ফি কর্তন করা যাবে না।

সূত্র নং- পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ(শানিব্যউবি) পরিপত্র নং-০৪/২০২৩ তারিখঃ ২৩.০৭.২০২৩।

৩.২০। **২৩১ বিকেবি মিলিয়নিয়ার স্কীম ঃ**

৩১.০৩.২০১৯ হতে ৩/৫/৭/১০ বছর মেয়াদী বার্ষিক চক্রবৃদ্ধি সুদ হার যথাক্রমে ৭.২৫/৭.৫০/৭.৭৫/৮.২৫%, ০১.০৯.২০২১ তারিখ হতে পরিবর্তিত সুদ হার যথাক্রমে ৬.০০/৬.২৫/৬.৫০/৭.০০% এবং ১৬.০৮.২০২৩ তারিখ হতে পরিবর্তিত সুদ হার যথাক্রমে ৭.২৫/৭.৫০/৭.৭৫/৮.২৫% প্রযোজ্য হবে ।

সূত্র নং-পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং-০৫/২০১৯ তারিখঃ ৩১.০৩.২০১৯
সূত্র নং-পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং-০৮/২০২১ তারিখঃ ৩১.০৮.২০২১
সূত্র নং-পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং-০৬/২০২৩ তারিখঃ ১৬.০৮.২০২৩

৩.২১। **২৩২ বিকেবি মাসিক ডিপোজিট স্কীম ঃ**

৩১.০৩.২০১৯ হতে ৩/৫/৭/১০ বছর মেয়াদী বার্ষিক চক্রবৃদ্ধি সুদ হার যথাক্রমে ৭.২৫/৭.৫০/৮.০০/৮.২৫% এবং ০১.০৯.২০২১ তারিখ হতে পরিবর্তিত সুদ হার যথাক্রমে ৬.০০/৬.২৫/৬.৫০/৭.০০% এবং ১৬.০৮.২০২৩ তারিখ হতে পরিবর্তিত সুদ হার যথাক্রমে ৭.২৫/৭.৫০/৮.০০/৮.২৫% প্রযোজ্য হবে।

সূত্র নং-পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং-০৬/২০১৯ তারিখঃ ৩১.০৩.২০১৯
সূত্র নং-পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং-০৮/২০২১ তারিখঃ ৩১.০৮.২০২১
সূত্র নং-পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং-০৬/২০২৩ তারিখঃ ১৬.০৮.২০২৩

৩.২২। **২৩৩ বিকেবি লাখপতি স্কীম ঃ**

০৬.০৫.২০১৯ হতে ৭ বছর মেয়াদী বার্ষিক ৮.২৫%, ০১.০৯.২০২১ তারিখ হতে পরিবর্তিত ৭.০০% এবং ১৬.০৮.২০২৩ তারিখ হতে পরিবর্তিত ৮.২৫% চক্রবৃদ্ধি সুদ হার প্রযোজ্য হবে।

সূত্র নং-পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং-০৯/২০১৯ তারিখঃ ০৬.০৫.২০১৯
সূত্র নং-পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং-০৮/২০২১ তারিখঃ ৩১.০৮.২০২১
সূত্র নং-পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং-০৬/২০২৩ তারিখঃ ১৬.০৮.২০২৩

৩.২৩। **২৩/৭ বিকেবি প্রবাসী মাসিক মুনাফা স্কীম ঃ**

০৭ বছর মেয়াদী এ স্কীমের সুদ হার ৮.৭৫% (সরল সুদ)।

সূত্র নং-পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং-০৭/২০২৩ তারিখঃ ১৬.০৮.২০২৩

চলমান পাতা-০৬

৩.২৪। **২৩/৮ বিকেবি প্রবাসী ত্রৈমাসিক মুনাফা স্কীম ঃ**

০৩ বছর মেয়াদী এ স্কীমের সুদ হার ৮.০০% (সরল সুদ)।

সূত্র নং-পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং-০৮/২০২৩ তারিখঃ ১৬.০৮.২০২৩

৩.২৫। **২৩/৯ বিকেবি প্রবাসী স্থায়ী আমানত স্কীম ঃ**

এ স্কীমের মেয়াদ ও সুদের হার নিম্নরূপঃ

| মেয়াদ | সুদ হার |
|---|---|
| ১ বছর | ৮.০০% |
| ২ বছর | ৮.২৫% |
| ৩ বছর | ৮.৫০% |
| ৪ বছর | ৮.৭৫% |
| ৫ বছর | ৯.০০% |

সূত্র নং-পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং-০৯/২০২৩ তারিখঃ ১৬.০৮.২০২৩

৩.২৬। **২৩/১০ বিকেবি প্রবাসী ডাবল প্রফিট স্কীম ঃ**

১০% সুদের হারের এ স্কীমের মেয়াদ ৮ বছর।

সূত্র নং-পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং-১০/২০২৩ তারিখঃ ১৬.০৮.২০২৩

৩.২৭। **২৩৭ বিকেবি প্রবাসী সঞ্চয় স্কীম ঃ**

এ স্কীমের মেয়াদ ও সুদের হার নিম্নরূপঃ

| মেয়াদ | সুদ হার |
|---|---|
| ৩ বছর | ৮.০০% |
| ৫ বছর | ৮.৫০% |
| ৭ বছর | ৯.০০% |
| ১০ বছর | ৯.২৫% |

সূত্র নং-পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং-১১/২০২৩ তারিখঃ ১৬.০৮.২০২৩

৩.২৮। **২৩/১১ কৃষি ব্যাংক ডাবল প্রফিট স্কীম ঃ**

৯.৩৫% সুদের হারে এ স্কীমের মেয়াদ ৮ বছর।
সূত্র নং-পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং-০৪/২০২৪ তারিখঃ ৩১.০৩.২০২৪

৩.২৯। **২৩৮ কৃষি ব্যাংক মিলিয়নিয়ার স্কীম ঃ**

৩/৫/৬/৮ বছর মেয়াদী এ স্কীমের সুদ হার ৯.৩৫%।
সূত্র নং-পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং-০৫/২০২৪ তারিখঃ ৩১.০৩.২০২৪

৩.৩০। **২৩৯ কৃষি ব্যাংক মাসিক ডিপোজিট স্কীম ঃ**

৩/৫/৬/৮ বছর মেয়াদী এ স্কীমের সুদ হার যথাক্রমে ৮.২৫/৮.৫০/৯.০০/৯.২৫%।
সূত্র নং-পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং-০৬/২০২৪ তারিখঃ ৩১.০৩.২০২৪

৩.৩১। **২৪০ কৃষি ব্যাংক লাখপতি স্কীম ঃ**

৬/১০ বছর মেয়াদী এ স্কীমের সুদ হার ৯.২৫%।
সূত্র নং-পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং-০৭/২০২৪ তারিখঃ ৩১.০৩.২০২৪

৩.৩২। **২৩/১২ কৃষি ব্যাংক ত্রৈমাসিক মুনাফাভিত্তিক সঞ্চয় প্রকল্প ঃ**

৩ বছর মেয়াদী এ স্কীমের সুদ হার ৮.৫০% (সরল সুদ)।
সূত্র নং-পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং-০৮/২০২৪ তারিখঃ ৩১.০৩.২০২৪

৩.৩৩। **২৩/১৩ কৃষি ব্যাংক মাসিক মুনাফা প্রকল্প ঃ**

৬ বছর মেয়াদী এ স্কীমের সুদ হার ৯.০০% (সরল সুদ)।

সূত্র নং-পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং-০৯/২০২৪ তারিখঃ ৩১.০৩.২০২৪

৩.৩৪। **২৪১ অপরাজিত স্কীম ঃ**

৩/৫/৬ বছর মেয়াদী এ স্কীমের সুদ হার যথাক্রমে ১০.২৫/১০.৫০/১১.০০%।

সূত্র নং-পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং-১০/২০২৪ তারিখঃ ৩১.০৩.২০২৪

৩.৩৫। **২৪২ স্বাবলম্বী স্কীম ঃ**

৩/৫/৬ বছর মেয়াদী এ স্কীমের সুদ হার যথাক্রমে ৯.২৫/৯.৫০/১০.০০%।

সূত্র নং-পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং-১১/২০২৪ তারিখঃ ৩১.০৩.২০২৪

৩.৩৬। **২৩/১৪ জয়ী স্কীম ঃ**

৩ বছর মেয়াদী এ স্কীমের সুদ হার ৯.৫০% (সরল সুদ)।

সূত্র নং-পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং-১২/২০২৪ তারিখঃ ৩১.০৩.২০২৪

৩.৩৭। **২২/১৬ কৃষি ব্যাংক দৈনিক মুনাফা হিসাব ঃ**

দৈনিক কমপক্ষে ২০,০০০/- (বিশ হাজার) টাকার স্থিতির উপর ৫% হারে মাসিক ভিত্তিতে সুদ প্রদান করা হয়।
সূত্র নং-পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং-০৬/২০২৫ তারিখঃ ১৬.১০.২০২৫

৩.৩৮। **২৪৪ কৃষি ব্যাংক তারুণ্য সঞ্চয় স্কীম ঃ**

৩/৪/৫/৬/৭/৮/৯/১০ বছর মেয়াদী এ স্কীমের সুদ হার ১০.০০%।

সূত্র নং-পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং-০৭/২০২৫ তারিখঃ ১৬.১০.২০২৫

৩.৩৯। **২৩/১৫ কৃষি ব্যাংক সুদমুক্ত স্থায়ী আমানত হিসাব ঃ**

১/২/৩/৬ মাস এবং ১/২/৩ বছর মেয়াদী আমানতের সুদ হার ০%।

সূত্র নং-পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং-১১/২০২৬ তারিখঃ ২৯.০১.২০২৬

৩.৪০। **সঞ্চয় স্কীমসমূহের দেয়/মেয়াদপূর্তির তারিখ সম্পর্কে স্পষ্টীকরণ ঃ**

পত্র নং-প্রকা/হিসাব-১/১(৭৪)/০৮-০৯/১৬১৪ তারিখঃ ২৪.০৫.০৯ এর মাধ্যমে বিকেবি'র প্রণীত সঞ্চয় স্কীমসমূহের দেয়/মেয়াদপূর্তির তারিখ সম্পর্কে নিম্নোক্তভাবে স্পষ্টীকরণ করা হয়েছে ঃ

বিকেবি'র মাসিক কিস্তি ভিত্তিক সকল সঞ্চয় স্কীমের ক্ষেত্রে হিসাব খোলার তারিখকে ভিত্তি হিসাবে ধরে শেষ কিস্তি জমা দেয়ার পরবর্তী মাসে হিসাব খোলার তারিখে কিংবা পরবর্তী যেকোন কর্মদিবসে স্কীমের অর্থ সুদ আসলে (অন্যান্য শর্ত পুরণ সাপেক্ষে) আমানতকারীকে প্রদান করতে হবে। উদাহরণ স্বরূপঃ আমানতকারী যদি হিসাব খোলার সময় ১ম কিস্তির টাকা ৮ তারিখে জমা করেন তাহলে ৫ বছর মেয়াদী সঞ্চয় স্কীমের ক্ষেত্রে ৬১তম মাসের ৮ তারিখ বা তৎপরবর্তী যেকোন কর্মদিবসে আমানতের টাকা সুদ আসলে প্রদেয় হবে। এখানে উল্লেখ্য যে, শেষ কিস্তির টাকা যদি হিসাব খোলার তারিখের পরবর্তী কোন তারিখে জমা হয়ে থাকে সে ক্ষেত্রে শেষ কিস্তির টাকা জমার ৩০ দিন অতিক্রান্ত হওয়ার পরবর্তী তারিখে আমানতকারীকে সুদাসলে সমুদয় টাকা প্রদেয় হবে।

৩.৪১। **আমানতের সুদের উপর উৎসে কর কর্তন ঃ**

আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ১০২ ধারানুযায়ী কোন ব্যাংক বা অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক সঞ্চয়ী আমানত, স্থায়ী আমানত, মেয়াদী আমানত বা অন্য কোন প্রকার আমানতের বিপরীতে কোন সুদ বা মুনাফা পরিশোধ করলে, সুদ বা মুনাফা পরিশোধের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি সুদ বা মুনাফা কোন হিসাবে ক্রেডিটের সময়, অথবা সুদ বা মুনাফা পরিশোধের সময় (যা পূর্বে ঘটে) নিম্নোক্ত হারে উৎসে কর কর্তন করবেন। শাখাসমূহকে কর্তনকৃত উৎসে কর **৪১/২০৩** হিসাব খাতে পোস্টিং দিতে হবে।

চলমান পাতা-০৮

| | ক্রমিক নং | প্রাপকের ধরন | কর কর্তনের হার |
|---|---|---|---|
| আমানতের সুদের উপর উৎসে কর | ১। | ট্রাস্ট, ব্যক্তিসংঘ ও কোম্পানির ক্ষেত্রে | ২০% |
| | ২। | অন্যান্য ক্ষেত্রে | ১০% |

সূত্রঃ অর্থ আইন, ২০২৫, জুন ০২, এর সংশ্লিষ্ট পৃষ্ঠা নং ৫৭১৮

উল্লেখ্য যে, আমানতকারী ১৬৬ ধারায় রিটার্ন দাখিলের প্রমাণক দাখিল/উপস্থাপনে ব্যর্থ হলে সব ধরনের আমানতের সুদ/মুনাফার উপর উল্লিখিত ছকে নির্ধারিত হারের অতিরিক্ত আরও ৫০% উৎসে কর কর্তনের বিধান করা হয়েছে। উদাহরণস্বরূপ- কোম্পানী পর্যায়ের কোন আমানতকারী ৭৫ ধারায় রিটার্ন দাখিলের প্রমাণক দাখিল/উপস্থাপনে ব্যর্থ হলে প্রদেয় সুদ/মুনাফার উপর ২০% এর স্থলে ৩০% উৎসে কর কর্তন প্রযোজ্য হবে। উল্লেখ থাকে যে, ১৬৬ ধারার সংশোধনীতে যে সকল প্রতিষ্ঠানের রিটার্ন দাখিল বাধ্যতামূলক নয় সেসকল প্রতিষ্ঠানের ক্ষেত্রে উক্ত নিয়ম প্রযোজ্য নয়; যেমন-শিক্ষা প্রতিষ্ঠান, সরকারি বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ ব্যাংক, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন, স্থানীয় কর্তৃপক্ষ ও ক্যান্টনমেন্ট বোর্ড, কোনো আইন বা সরকারি আদেশ দ্বারা প্রতিষ্ঠিত সংস্থা, এতিমখানা, অনাথ আশ্রম ও ধর্মীয় উদ্দেশ্যে প্রতিষ্ঠিত প্রতিষ্ঠান, তহবিল, বোর্ড কর্তৃক, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, রিটার্ন দাখিল করা হইতে অব্যাহতিপ্রাপ্ত ব্যক্তিবর্গ ইত্যাদি। **এতদবিষয়ে অত্র বিভাগের পত্র নং- প্রকা/হিসাব(শাখা-১)/ভ্যাট ও ট্যাক্স ৬(৪৮)/২০২৫-২৬/০৩ তারিখঃ ০১.০৭.২০২৫ দেখা যেতে পারে।** (যা বিকেবি'র ওয়েব সাইটে দেয়া আছে)।

৩.৪২। **ব্যাংকের ব্যয় খাতের উপর উৎসে মূসক (ভ্যাট) ও উৎসে কর (ট্যাক্স) কর্তনঃ**

উৎসে কর্তনকারী সত্তা হিসেবে বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল শাখা/কার্যালয় কর্তৃক বিভিন্ন প্রকার ব্যয় খাত/ প্রদত্ত বিলের উপর প্রযোজ্য হারে উৎসে মূসক (ভ্যাট) ও উৎসে কর (ট্যাক্স) কর্তনের বিধান রয়েছে। সকল শাখা/কার্যালয় কর্তৃক প্রদানকৃত সকল প্রকার সেবা/বিল হতে নিয়ম মোতাবেক যথারীতি প্রযোজ্য হারে ভ্যাট ও উৎসে কর কর্তন করতে হবে। এছাড়া ব্যাংকের বিভিন্ন শাখা/কার্যালয় কর্তৃক কম্পিউটারাইজেশনের আওতায় অবকাঠামো উন্নয়নসহ বিভিন্ন কাজে বিল প্রদান করা হয়ে থাকে, এসব বিল হতে নিয়মানুযায়ী ভ্যাট ও উৎসে আয়কর কর্তন করতে হবে।

**এ বিষয়ে অত্র বিভাগের পত্র নং- প্রকা/হিসাব(শাখা-১)/ভ্যাট ও ট্যাক্স ৬(৪৮)/২০২৪-২৫/১৫০ তারিখঃ ২৮.০৮.২০২৪, পত্র নং- প্রকা/হিসাব(শাখা-১)/ভ্যাট ও ট্যাক্স ৬(৪৮)/২০২৪-২৫/৪৯৫ তারিখঃ ১৩.০১.২০২৫, পত্র নং- প্রকা/হিসাব(শাখা-১)/ভ্যাট ও ট্যাক্স ৬(৪৮)/২০২৪-২৫/৫২৪ তারিখঃ ২৩.০১.২০২৫ এবং পত্র নং- প্রকা/হিসাব(শাখা-১)/ভ্যাট ও ট্যাক্স ৬(৪৮)/২০২৫-২৬/০৩ তারিখঃ ০১.০৭.২০২৫** এর মাধ্যমে জারিকৃত নির্দেশনা ও তালিকা অনুযায়ী বিভিন্ন খাত হতে ভ্যাট ও উৎসে কর কর্তন করার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হলো।

৩.৪৩। **ব্যাংকিং সেবা খাতে অর্জিত আয়ের উপর মূসক (ভ্যাট) কর্তন ঃ**

ব্যাংকিং সেবা খাতে অর্জিত আয়ের উপর ১৫% হারে মূসক (ভ্যাট) কর্তন করতে হবে।

৩.৪৪। **আবগারী শুল্ক সংক্রান্ত নির্দেশনাবলী ঃ**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ এর এস.আর.ও নং-১৫৭-আইন/২০২৫/২৮৭-আবগারি, তারিখ ঃ ২৭.০৫.২০২৫ এর নির্দেশনা অনুযায়ী অত্র ব্যাংকের সাথে পরিচালিত ব্যাংক হিসাবে (আমানত ও ঋণ হিসাব) পঞ্জিকা বছরের যে কোন সময়ে স্থিতির (ক্রেডিট অথবা ডেবিট ব্যালেন্স) উপর নিম্নোক্ত হারে আবগারী শুল্ক কর্তন করতে হবে ঃ

**কার্যকারিতাঃ ০১-০৭-২০২৫ হতে অব্যাহত**

| ক্র:নং | প্রতি এ্যাকাউন্টে স্থিতির পরিমান (পঞ্জিকা বছরের যেকোন সময়) | কর্তনযোগ্য আবগারী শুল্কের হার |
|---|---|---|
| ০১ | ৩,০০,০০০/- টাকা পর্যন্ত ( ক্রেডিট অথবা ডেবিট ব্যালেন্স) | শূন্য |
| ০২ | ৩,০০,০০১/- টাকা হতে ৫,০০,০০০/- টাকা পর্যন্ত ( ক্রেডিট অথবা ডেবিট ব্যালেন্স) | ১৫০/- |
| ০৩ | ৫,০০,০০১/- টাকা হতে ১০,০০,০০০/- টাকা পর্যন্ত ( ক্রেডিট অথবা ডেবিট ব্যালেন্স) | ৫০০/- |
| ০৪ | ১০,০০,০০১/- টাকা হতে ৫০,০০,০০০/- টাকা পর্যন্ত ( ক্রেডিট অথবা ডেবিট ব্যালেন্স) | ৩,০০০/- |
| ০৫ | ৫০,০০,০০১/- টাকা হতে ১,০০,০০,০০০/- টাকা পর্যন্ত ( ক্রেডিট অথবা ডেবিট ব্যালেন্স) | ৫,০০০/- |
| ০৬ | ১,০০,০০,০০১/- টাকা হতে ২,০০,০০,০০০/- টাকা পর্যন্ত ( ক্রেডিট অথবা ডেবিট ব্যালেন্স) | ১০,০০০/- |
| ০৭ | ২,০০,০০,০০১/- টাকা হতে ৫,০০,০০,০০০/- টাকা পর্যন্ত ( ক্রেডিট অথবা ডেবিট ব্যালেন্স) | ২০,০০০/- |
| ০৮ | ৫,০০,০০,০০১/- টাকা হতে তদুর্দ্ধ ( ক্রেডিট অথবা ডেবিট ব্যালেন্স) | ৫০,০০০/- |

**এতদবিষয়ে অত্র বিভাগের পত্র নং- প্রকা/হিসাব(শাখা-১)/ভ্যাট ও ট্যাক্স ৬(৪৮)/২০২৫-২৬/০১ তারিখঃ ০১.০৭.২০২৫ দেখা যেতে পারে।**

চলমান পাতা-০৯

৩.৪৫। কেন্দ্রীয় হিসাব বিভাগ পত্র নং- প্রকা/হিসাব(শাখা-১)/ভ্যাট ও ট্যাক্স ৬(৪৮)/২০২৪-২৫/১৫০ তারিখঃ ২৮.০৮.২০২৪ এর নির্দেশনানুযায়ী শাখা/কার্যালয় কর্তৃক কর্তনকৃত ভ্যাট, ট্যাক্স এবং আবগারী শুল্ক এর খাতভিত্তিক পোস্টিং দিতে হবে। উল্লেখ্য, সংশ্লিষ্ট খাতে জমাকৃত অর্থ **Monthly Closing Process** চালানোর মাধ্যমে প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগে স্বয়ংক্রিয়ভাবে স্থানান্তর হবে।

**উপরোক্ত অনুচ্ছেদ নং ৩.৪১ হতে ৩.৪৪ পর্যন্ত বিষয়ে কোন সার্কুলার এর জন্য NBR এর ওয়েবসাইট, www. nbr.gov.bd দেখা যেতে পারে। এর মধ্যে কোন বিষয়ে আরো অধিকতর স্পষ্টীকরণের জন্য অত্র বিভাগের ফিনান্সিয়াল এনালিস্ট জনাব মামুন হোসেন (মোবাইল নং- ০১৭৫০৩২১২৩৬) অথবা কর্মকর্তা জনাব মোঃ আশরাফুল আলম (মোবাইল নং-০১৮২৫৫০৮০৯৯) এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।**

৩.৪৬। <u>কর্মকর্তা/কর্মচারীদের অগ্রিম</u> ঃ

ক) <u>যানবাহন অগ্রিম</u> ঃ যানবাহন ক্রয় অগ্রিমের উপর বার্ষিক হিসাব সমাপনীতে দৈনিক প্রডাক্ট এর ভিত্তিতে ব্যাংক রেট হারে সুদারোপ করে ১০১৩A/১ উপ-খাত ডেবিট এবং ৪৬/৪৪ খাতকে ক্রেডিট করতে হবে।

খ) <u>গৃহ নির্মাণ অগ্রিম</u> ঃ গৃহ নির্মাণ অগ্রিমের উপর বার্ষিক হিসাব সমাপনীতে দৈনিক প্রডাক্ট এর ভিত্তিতে ব্যাংক রেট হারে সুদারোপ করতে হবে এবং উহা ১০১৩A/২ উপখাত ডেবিট এবং ৪৬/৪৩ খাতকে ক্রেডিট করতে হবে।

গ) <u>কম্পিউটার ক্রয় অগ্রিম</u> ঃ কম্পিউটার ক্রয় অগ্রিমের উপর বার্ষিক হিসাব সমাপনীতে দৈনিক প্রডাক্ট এর ভিত্তিতে ব্যাংক রেট হারে সুদারোপ করে উক্ত টাকা ১০১৩A/৮ খাত ডেবিট এবং ৪৬/৪৮ খাত ক্রেডিট করতে হবে।

৩.৪৭। **<u>বিকেবি আন্তঃশাখা লেনদেনের সাধারণ হিসাবের উপর সুদ ধার্যকরণ (১১১০, ১১১১, ১১১৪, ১১১৫, ১১১৮ ও ১১১৯)</u> ঃ**

নিম্নোক্ত সার্কুলারসমূহ মোতাবেক বিকেবি আন্তঃশাখা লেনদেনের উপর সুদ ধার্য হবেঃ

ক) ২৫.০৭.২০২২ তারিখের ডিএমডি(২) পরিপত্র নং-০৫/২০২২
খ) ০১.০২.২০২৩ তারিখের ডিএমডি(৩) পরিপত্র নং-০১/২০২৩
গ) ০৪.১২.২০২৩ তারিখের হিসাব পরিপত্র নং- ০৬/২০২৩
ঘ) ১৯.০৫.২০২৪ তারিখের হিসাব পরিপত্র নং- ১৫/২০২৪
ঙ) ৩০.০৫.২০২৪ তারিখের হিসাব পরিপত্র নং- ১৬/২০২৪

**সাধারণ হিসাবসমূহের উপর নীটিং পদ্ধতিতে স্বয়ংক্রিয়ভাবে CBS এ সুদ হিসাবায়ন হবে এবং এর জন্য শাখাসমূহের কোন এ্যাডভাইস প্রেরণ করতে হবে না।**

৩.৪৮। **<u>৪১-প্রদেয় হিসাব</u> ঃ**

প্রদেয় হিসাব খাতের অনিষ্পন্ন এন্ট্রিসমূহ নিষ্পন্নের জন্য শাখা ব্যবস্থাপক সকল প্রকার পদক্ষেপ গ্রহণ করবেন যাতে করে হিসাব সমাপনী শেষে শাখায় কোন অনিষ্পন্ন এন্ট্রি না থাকে। যুক্তিসংগত কারণ ছাড়া পুরাতন কোন এন্ট্রির জের নতুন বছরে স্থানান্তর করা যাবে না। উল্লেখ্য, আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তাগণ শাখাসমূহ নিরীক্ষাকালে শাখা ব্যবস্থাপককে স্পট মেমো প্রদান করে ২(দুই) মাস ও তদুর্ধ্ব সময়কালের প্রদেয় এন্ট্রিসমূহ অকুস্থলে সমন্বয়ের পরামর্শ প্রদান করবে।

৩.৪৯। **<u>১৩১-আদায়যোগ্য হিসাব</u> ঃ**

ক) আদায়যোগ্য খাতে অনিষ্পন্ন এন্ট্রিসমূহ ৩০ জুন, ২০২৬ তারিখের মধ্যেই সমন্বয় করতে হবে এবং যুক্তিসংগত কারণ ব্যতীত ২ মাসের অধিক অসমন্বিত কোন এন্ট্রি পরবর্তী বছরে জের টানা যাবে না। শাখায় ডাক খরচ নির্বাহের জন্য প্রদত্ত অগ্রিমের টাকা ৩০ জুন তারিখে সমন্বয় করে পরবর্তী অর্থ বছরের ১ম কার্যদিবসে ১৩১/১১-আদায়যোগ্য হিসাব খাত ডেবিট করে নতুন অগ্রিম প্রদান করা যাবে।

খ) ১ বছর বা তদূর্ধ্ব সময়ের কোন এন্ট্রি অনিষ্পন্ন রাখা যাবে না।

গ) আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তাগণ শাখাসমূহ নিরীক্ষাকালে শাখা ব্যবস্থাপককে স্পট মেমো প্রদান করে ২(দুই) মাস ও তদুর্ধ্ব সময়কালের আদায়যোগ্য এন্ট্রিসমূহ অকুস্থলে আদায়/সমন্বয়ের পরামর্শ প্রদান করবে।

**১ বছর বা তদূর্ধ্ব সময়ের কোন এন্ট্রি অনিষ্পন্ন থাকলে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক প্রভিশন করতে হয় বিধায় এর দায়-দায়িত্ব শাখা ব্যবস্থাপকের উপর বর্তাবে। এতদবিষয়ে অত্র বিভাগের ২১.০৫.২০২৪ তারিখের পত্র নং- প্রকা/হিসাব(শাখা-১)/১৪(বিএস)/২০২৩-২৪/৯৮৩ এর নির্দেশনা বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।**

৩.৫০। <u>এক্স-এ্যাডভাইস সমন্বয়করণ</u> ঃ

এক্স-এ্যাডভাইস (যথাঃ ১৩১৬ ও অন্যান্য খাতে) হিসাবভুক্ত অর্থ দ্রুত সমন্বয় করতে হবে। এ খাতে ১ বছর বা তদূর্ধ্ব সময়ের কোন অসমন্বিত এন্ট্রি রাখা যাবে না। উক্ত খাতে **১ বছর বা তদূর্ধ্ব সময়ের কোন এন্ট্রি অনিষ্পন্ন থাকলে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক প্রভিশন করতে হয় বিধায় এর দায়-দায়িত্ব শাখা ব্যবস্থাপকের উপর বর্তাবে।**

চলমান পাতা-১০

৩.৫১। **ভবিষ্য তহবিল ও কর্মচারী কল্যাণ তহবিল ঃ**

ক) প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগ (শাখা-২) এর অধীনে ০১০৩ কোডে ২১০-ভবিষ্য তহবিল হিসাব খাতে ব্যাংকে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীদের জন্য পৃথক পৃথক ইউনিক পিএফ একাউন্ট বরাদ্দ করা হয়েছে। ১২.০৫.২০২৪ তারিখে কেন্দ্রীয় হিসাব বিভাগ থেকে জারিকৃত পত্র নং -প্রকা/হিসাব(শাখা-১)/৬(৬৩)সিবিএস/২০২৩-২০২৪/৯৩০ এর নির্দেশনা অনুসারে শাখাসমূহ কর্তৃক শাখা পর্যায়ে ব্যবহৃত ২১০-ভবিষ্য তহবিল হিসাব খাতের পরিবর্তে কর্মকর্তা/কর্মচারীদের নামে বরাদ্দকৃত নিজ নিজ ইউনিক পিএফ একাউন্টে ভবিষ্য তহবিলের চাঁদা জমা করার জন্য অনুরোধ করা হলো।

সদ্য নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী যাদের জন্য এখনও কোন পিএফ ইনডেক্স নম্বর এবং ০১০৩ কোডে পিএফ একাউন্ট নম্বর বরাদ্দ হয়নি, তাদের ক্ষেত্রে উক্ত পত্রের নির্দেশনা মোতাবেক ০১০৩ কোডে "৪১/২১৭: Provident Fund Subscription of New Employees" জিএল খাতে পোস্টিং দেয়ার জন্য অনুরোধ করা হলো।

সূত্রঃ কেন্দ্রীয় হিসাব বিভাগ এর পত্র নং- প্রকা/হিসাব(শাখা-১)/৬(৬৩)সিবিএস/২০২৩-২০২৪/৯৩০ তারিখঃ ১২.০৫.২০২৪

খ) বেতন থেকে কর্তনকৃত কর্মচারী কল্যাণ তহবিলের অর্থ ৪১/২১ খাতে সংরক্ষণ করতে হবে এবং মাসিক হিসাব সমাপনীতে যথারীতি অটোমেশনের আওতায় প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগ (শাখা-২) (কোড-০১০৩) এ স্থানান্তরিত হবে।

**কর্মচারী কল্যাণ তহবিল থেকে প্রদানকৃত মাসিক অনুদানের টাকা BKB Employee Benevolent Fund (EBF) সফটওয়্যার এর মাধ্যমে অটোমেশন প্রক্রিয়ায় রিয়েল টাইমে সকল মনোনীত ব্যাক্তির একাউন্টে সরাসরি কেন্দ্রীয় হিসাব বিভাগ (শাখা-২) কর্তৃক প্রদান করা হবে।**

সূত্রঃ কেন্দ্রীয় হিসাব বিভাগ এর পত্র নং–প্রকা/হিসাব(শাখা-১)/৬(৬৩)সিবিএস/২০২৪-২০২৫/৬৭৮ তারিখঃ ০৮.০৪.২০২৫

৩.৫২। **অবসরপ্রাপ্তদের মাসিক পেনশন ঃ**

অটোমেশনের আওতায় কেন্দ্রীয়ভাবে পেনশন প্রদান করা হয় বিধায় শাখা থেকে পেনশন প্রদান কার্যক্রম রহিত করা হয়েছে।
সূত্র নং- কেন্দ্রীয় হিসাব বিভাগ(শাখা-২) এর পত্র নং- প্রকা/হিসাব(শাখা-২)২:১৮(পেনশন)/২০২২-২০২৩/৮৮৫ তারিখঃ ০৭.০২.২০২৩

৩.৫৩। **কর্মকর্তা ও কর্মচারীদের জুন, ২০২৬ মাসের বেতন প্রদান ঃ**

হিসাব ম্যানুয়েলের ১৩.৩৭ নং অনুচ্ছেদের নির্দেশনা মোতাবেক প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগ(শাখা-২) ও শাখা ব্যবস্থাপকগণ সকল কর্মকর্তা ও কর্মচারীদের জুন, ২০২৬ মাসের বেতন উক্ত মাসের ২১ তারিখ প্রদান করতে হবে। উল্লেখ্য, অস্থায়ী কর্মকর্তা/কর্মচারীদের বেতন ভাতাদি ৪১/৩-প্রদেয় হিসাব খাতে রাখতে হবে এবং মাসের শেষ কর্মদিবসে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণকে প্রদান করতে হবে।

৩.৫৪। **লাভ/ক্ষতি নির্ণয় ঃ**

৩০ জুন, ২০২৬ তারিখে শাখার লাভ-ক্ষতি নির্ণয়ের জন্য করণীয় যা সিবিএস এর মাধ্যমে সম্পন্ন হবে ঃ

- আয় ও ব্যয় হিসাব খাত বন্ধ করার জন্য নিম্নোক্তভাবে হিসাবায়ন করতে হবে ঃ

| ডেবিট | বিবরণ | ক্রেডিট |
|---|---|---|
| ৪৬-আয় হিসাব | আয় হিসাব বন্ধ করার জন্য | ১৩-লাভ-ক্ষতির হিসাব |
| ১৩-লাভ-ক্ষতির হিসাব | ব্যয় হিসাব বন্ধ করার জন্য | ১৩৩-ব্যয় হিসাব |

- শাখার অর্জিত লাভ/ক্ষতির হিসাবভুক্ত করার জন্য নিম্নোক্তভাবে হিসাবায়ন করতে হবে ঃ

| ডেবিট | বিবরণ | ক্রেডিট |
|---|---|---|
| ১৩-লাভ-ক্ষতির হিসাব | ১৩ খাতে ক্রেডিট স্থিতি/লাভ হলে | ১১১৪-বিকেবি, সাধারণ হিসাব |
| ১১১৪-বিকেবি, সাধারণ হিসাব | ১৩ খাতে ডেবিট স্থিতি/ক্ষতি হলে | ১৩-লাভ-ক্ষতির হিসাব |

**অর্জিত লাভ/ক্ষতির জন্য কোন ক্রেডিট/ডেবিট এ্যাডভাইস ইস্যু করতে হবে না। উক্ত লাভ/ক্ষতি অটোমেশনের আওতায় প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগ (শাখা-১) (কোড-০১০১) এ নিয়ে আসা হবে।**

৩.৫৫। **ব্যয় হিসাব ঃ**

জুলাই, ২০২৫ হতে জুন, ২০২৬ পর্যন্ত সকল ব্যয় সঠিক উপ-খাতে অন্তর্ভুক্ত করতে হবে। জুন/২০২৬ পর্যন্ত খরচ হয়েছে কিন্তু পরিশোধিত হয়নি এমন ব্যয় প্রভিশন করে যথাযথ হিসাব খাতে অন্তর্ভুক্ত করতে হবে।

চলমান পাতা-১১

৩.৫৬। **নিয়ন্ত্রণকারী ও নিরীক্ষা কার্যালয়সমূহের খরচ প্রধান কার্যালয়ে প্রেরণ ঃ**

নিয়ন্ত্রণকারী কার্যালয়সমূহ (বিভাগীয় কার্যালয়/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়) এবং নিরীক্ষা কার্যালয়সমূহের (বিভাগীয় নিরীক্ষা/ আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়) ০১.০১.২০২৬ হতে ৩০.০৬.২০২৬ তারিখ পর্যন্ত বেতন ভাতা ও অন্যান্য খরচ প্রদানকারী শাখা কর্তৃক খরচ অটোমেশনের আওতায় ১১১০ এর মাধ্যমে প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগ (শাখা-১) এ নিয়ে আসা হবে।

**বিঃদ্রঃ কোন অবস্থাতেই ম্যানুয়ালি এ্যাডভাইস এবং খরচের বিবরণী প্রেরণ করা যাবে না।**

৩.৫৭। **মনোহারী ও সরবরাহ হিসাব ঃ**

বার্ষিক হিসাব সমাপনীকালে শাখা কর্তৃক ব্যবহৃত মনোহারী ও সরবরাহকৃত দ্রব্যাদি যেমন হিসাবের বহি, রেজিস্টার ও অন্যান্য মুদ্রিত ফরম ইত্যাদির খরচ ১৩৩/২১-এ ডেবিট এবং বিপরীত দিকে মনোহারী ও সরবরাহ হিসাব খাত ১৩২ ক্রেডিট করতে হবে।

৩.৫৮। **শ্রেণীকৃত ঋণের উপর সুদারোপ, অবলোপনকৃত ঋণ আদায় ঃ**

ক. ঋণ শ্রেণীবিন্যাস বিভাগের ৫৭তম ঋণ শ্রেণীবিন্যাস বিবরণী (৩০-০৬-২০২৬ তারিখ ভিত্তিক) প্রস্তুতকরণ সংক্রান্ত নির্দেশনা এবং এতদসংক্রান্ত অন্যান্য নির্দেশনা মোতাবেক প্রযোজ্যতা অনুযায়ী শ্রেণীবিন্যাস করতে হবে। অশ্রেণীকৃত (স্ট্যান্ডার্ড ও এসএমএ) ঋণের উপর আরোপিত সুদ বিধি অনুযায়ী আয় খাতে ও এসএস/ডিএফ ঋণের উপর আরোপিত সুদ ৫২-স্থগিত সুদ খাতে হিসাবভুক্ত করতে হবে। তাছাড়া মন্দ ও ক্ষতি (BL) শ্রেণীকৃত ঋণ হিসাবে সুদ আরোপ বন্ধ থাকবে। পুনঃতফশিলকৃত ঋণের সুদ আদায় সাপেক্ষে ৪৬-আয় খাতে স্থানান্তর করতে হবে, অন্যথায় ৫২-স্থগিত সুদ খাতে সংরক্ষণ করতে হবে।

খ. অবলোপনকৃত ঋণ আদায় হলে তা শাখার ঋণের সংশ্লিষ্ট সুদ আয় খাতে ক্যাশ ডেবিট ভাউচারের মাধ্যমে আদায় করতে হবে। উল্লেখ্য, এক্ষেত্রে সমপরিমাণ টাকা দ্বারা কন্ট্রা রিভার্স করতে হবে অর্থাৎ ৬১১-Written off Loan Account as per Contra হিসাব খাতকে ডেবিট এবং ১২১১- Written off Loan Account as per Contra হিসাব খাতকে ক্রেডিট করে একটি স্থানান্তর ভাউচার করতে হবে।

৩.৫৯। **ঋণ ও অগ্রিমের সুদ ঃ**

এ বিষয়ে ট্রেজারি ম্যানেজমেন্ট বিভাগ কর্তৃক সময়ে সময়ে জারিকৃত নির্দেশনা অনুসরণপূর্বক সঠিকভাবে সুদ হিসাবায়ন করতে হবে। দৈনিক স্থিতির প্রোডাক্টের উপর নির্দিষ্ট হারে সকল প্রকারের ঋণ ও অগ্রিমের সুদ ধার্য (কেবলমাত্র সুদারোপযোগ্য ঋণ হিসাবের ক্ষেত্রে) করতে হবে। নগদ ব্যবসায়ী ঋণ ও অন্যান্য বিশেষ ধরণের ঋণের সুদ প্রচলিত নির্দেশ মোতাবেক ধার্য করতে হবে।

৩.৬০। **সম্পদ ও সম্পত্তি হিসাব ঃ**

ব্যাংকের স্থায়ী সম্পদ ব্যবস্থাপনা ও সঠিক হিসাবায়নের জন্য অত্র বিভাগ হতে ২৮.০১.২০২৬ তারিখে জারীকৃত হিসাব পরিপত্র নং-০১/২০২৬ এর সকল নির্দেশনা পরিপালন করার জন্য পরামর্শ প্রদান করা হলো। ছকে উল্লেখিত হারে সম্পদের উপর অবচয় ধার্য করতে হবেঃ

| ক্রঃ নং | সম্পদের নাম | বার্ষিক অবচয় হার | সংশ্লিষ্ট অবচয় খাত | মন্তব্য |
|---|---|---|---|---|
| (ক) | আসবাবপত্র | ১০% | ১৩৩/৩০(১) | স্পর্শনীয় সম্পদ (Tangible Asset) |
| (খ) | অফিস সরঞ্জাম | ১৫% | ১৩৩/৩০(২) | |
| (গ) | অফিসের যন্ত্রপাতি | ২০% | ১৩৩/৩০(৩) | |
| (ঘ) | বৈদ্যুতিক সরঞ্জাম | ২০% | ১৩৩/৩০(৪) | |
| (ঙ) | মোটর গাড়ী ও অন্যান্য যানবাহন | ২০% | ১৩৩/৩০(৫) | |
| (চ) | জমি | শুন্য | - | |
| (ছ) | ইমারত | ২.৫% | ১৩৩/৩০(৬) | |
| (জ) | কম্পিউটার হার্ডওয়্যার | ২০% | ১৩৩/৩০(৭) | |
| (ঝ) | কম্পিউটার সফটওয়্যার | ২০% | ১৩৩/৩০(৮) | অস্পর্শনীয় সম্পদ (Intangible Asset) |

চলমান পাতা-১২

৩.৬১। **বাংলাদেশ ব্যাংক, সোনালী ব্যাংক ও অন্যান্য ব্যাংকে রক্ষিত আমানত হিসাব ঃ**

বাংলাদেশ ব্যাংক, সোনালী ব্যাংক ও অন্যান্য ব্যাংকে রক্ষিত আমানত হিসাবের বিবরণী (Bank Statement) এর সাথে শাখার ৮১, ৮২ ও ৮৩ জিএল হিসাব খাতের মিলকরণ করতে হবে। প্রাপ্ত সুদ এবং প্রদত্ত বিভিন্ন চার্জের যথাযথ হিসাবায়ন করতে হবে। শাখার জিএল হিসাব খাতের সাথে ব্যাংকে রক্ষিত হিসাবের গড়মিল থাকলে দায় শাখা ব্যবস্থাপকের উপর বর্তাবে। এতদবিষয়ে কেন্দ্রীয় হিসাব বিভাগের পত্র নং-প্রকা/হিসাব-১/১(৪)/২০২৫-২০২৬/১৫৭৬ তারিখ- ৩১.০৩.২০২৬ মোতাবেক ব্যাংক থেকে সংগৃহীত হিসাব বিবরণী/ব্যালেন্স কনফার্মেশন সার্টিফিকেট এবং শাখা হতে নির্দিষ্ট ফরমেটে প্রস্তুতকৃত ব্যাংক হিসাব সমন্বয় বিবরণী প্রেরণ করতে হবে।

৩.৬২। **৭২ (Cash Items) হিসাব ঃ**

৭২ হিসাব খাতের উপখাত অনুযায়ী শাখায় রক্ষিত বিভিন্ন প্রকার নগদ সমতুল্য সম্পদসমূহ যেমন প্রাইজবন্ড, স্ট্যাম্প, স্মারক মুদ্রা ইত্যাদি হিসাবায়ন করতে হবে।
সূত্র নং-প্রকা/হিসাব-১/১(২৪)/২০২৩-২০২৪/১৯৩ তারিখ- ০৫.০৯.২০২৩

৩.৬৩। **অপ্রচলিত হিসাব (Inoperative Account), ডরম্যান্ট হিসাব (Dormant Account) এবং অদাবীকৃত আমানত হিসাব ঃ**

ক) অপ্রচলিত হিসাব (Inoperative Account) ঃ বাংলাদেশ ব্যাংক, ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের ২৮-১২-২০২১ তারিখের বিআরপিডি সার্কুলার নং ২৩/২০২১ মোতাবেক কোন হিসাবে সর্বশেষ লেনদেন বা হিসাববিবরণীর সর্বশেষ প্রাপ্তি স্বীকার বা উক্ত বিবরণীর জন্য সর্বশেষ অনুরোধের তারিখ থেকে অন্যূন ০৬ (ছয়) মাস গ্রাহত কর্তৃক কোন প্রকার লেনদেন সম্পাদিত না হলে সেসকল হিসাব সমূহকে অপ্রচলিত হিসাব (Inoperative Account) হিসেবে গণ্য করা হবে।

খ) ডরম্যান্ট হিসাব (Dormant Account) ঃ অপ্রচলিত হিসাব (Inoperative Account) হিসেবে চিহ্নিত হওয়ার পর নিম্নবর্ণিত সময় অতিক্রান্ত হলে তা ডরম্যান্ট হিসাব বলে গন্য করা হবেঃ

১) চলতি হিসাব: অন্যূন ০৬ (ছয়) মাস
২) এসএনডি হিসাব: অন্যূন ০৬ (ছয়) মাস
৩) সঞ্চয়ী হিসাব: অন্যূন ১৮ (আঠার) মাস

তবে সরকার, নাবালক এবং আদালতের অর্থ সংক্রান্ত হিসাবসমূহ ডরম্যান্ট হিসেবে গণ্য হবে না। উল্লেখ্য, ডরম্যান্ট হিসাব পুনরায় চালু করার ক্ষেত্রে গ্রাহক শাখা ব্যবস্থাপক বরাবর লিখিতভাবে আবেদন করবে। ডরম্যান্টকৃত হিসাব লেনদেনবিহীন ০৫ (পাঁচ) বছর অতিক্রান্ত হলে বিআরপিডি সার্কুলার নং-০২/২০২০ মোতাবেক হিসাব পরিচালনার জন্য নতুনভাবে KYC (Know Your Customer) নতুনভাবে সম্পন্ন করতে হবে।

গ) অদাবীকৃত আমানত হিসাব ঃ বাংলাদেশ ব্যাংক, ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের ১২-০৯-২০১৮ তারিখের বিআরপিডি সার্কুলার নং১০/২০১৮ এর বিধি মোতাবেক ১০ বছর ও তদুর্ধ্ব সময়কাল লেনদেনবিহীন অদাবীকৃত আমানত ও মূল্যবান সামগ্রী বাংলাদেশ ব্যাংকে জমা করার বিধান রয়েছে। শাখায় ১০ বছর ও তদুর্ধ্ব সময়কাল লেনদেনবিহীন অদাবীকৃত আমানত ও মূল্যবান সামগ্রী থাকলে শাখা ব্যবস্থাপক আমানতকারীকে নোটিশ প্রেরণ করবেন। নোটিশ প্রেরণের ০৩(তিন) মাসের মধ্যে গ্রাহক কর্তৃক লেনদেনপূর্বক হিসাবটি সক্রিয় না করলে বা হিসাব বন্ধ করে অর্থ ফেরত না নিলে বাংলাদেশ ব্যাংকে জমাদানের লক্ষ্যে শাখা কর্তৃক হিসাব বন্ধ করতঃ সমুদয় স্থিতি প্রধান কার্যালয় (০১০১) বরাবর ক্রেডিট এ্যাডভাইস প্রেরণ করতে হবে। এতদবিষয়ে অত্র বিভাগ থেকে জারীকৃত পত্র নং-প্রকা/হিসাব(শাখা-১)১২(৮)/২০১৮-১৯/৩৭৪(১২৫০) তারিখঃ ১৬-১০-২০১৮, প্রকা/হিসাব(শাখ-১)১২(৮)/২০১৮-১৯/৬০৯(১২৫০) তারিখঃ ১৬-০১-২০১৯ এবং প্রকা/হিসাব(শাখ-১)১২(৮)/২০১৯-২০/১১৬(১২৫০) তারিখঃ ১৮-০৮-২০১৯ এর নির্দেশনা পরিপালন করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

চলমান পাতা-১৩

০৪। **অবস্থার প্রতিবেদন ও ব্যাংক হিসাবের সার্টিফিকেট প্রেরণ ঃ** ই-মেইল এড্রেসঃ dgmaccounts1@krishibank.org.bd

| ক্রঃ নং | বিবরনী ৩০.০৬.২০২৬ ভিত্তিক | শাখা কর্তৃক মুআকা/আকা পৌঁছানোর শেষ তারিখ | মুআকা/আকা/কর্পোরেট শাখা হতে প্রকায় পৌঁছানোর শেষ তারিখ | প্রধান কার্যালয়ে যার নিকট পৌঁছাতে হবে | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১। | অবস্থার প্রতিবেদন (সংযুক্তি-excel file) | ০১.০৭.২৬ | একীভূত বিবরণীর সফটকপি ০২.০৭.২৬ এর মধ্যে কেহিবি(শাখা-১) বরাবর মেইল করবেন। | শাখার বা আঞ্চলিক কার্যালয়ের একীভূত বিবরণীর হার্ড কপি প্রকায় প্রেরণের প্রয়োজন নেই। | শাখা একীভূত বিবরণীর হার্ডকপি আঞ্চলিক কার্যালয়ে সংরক্ষণ করবেন। |
| ২। | বাংলাদেশ ব্যাংক, সোনালী ব্যাংক ও অন্যান্য ব্যাংকের হিসাব বিবরণী/ব্যালেন্স কনফার্মেশন সার্টিফিকেট এবং ব্যাংক হিসাব সমন্বয় বিবরণী | ০২.০৭.২৬ | ০৫.০৭.২৬ | **জনাব সালমা** উর্ধ্বতন কর্মকর্তা কেন্দ্রীয় হিসাব বিভাগ (শাখা-১) | ক) মুআকা/আকা কর্তৃক শাখা হতে প্রাপ্ত বিবরণীসমূহের হার্ডকপি প্রেরণ করতে হবে। |

০৫। বর্ণিত নির্দেশনার কোন স্পষ্টীকরণের প্রয়োজন হলে বিভাগের **সহকারী মহাব্যবস্থাপক জনাব মোঃ জাকির হোসেন (মোবাঃ ০১৯১৫-৬৩০৫৩১) ও জনাব মোঃ আজিজুল হক (মোবাঃ ০১৭২২-৬৯৬২৯২) এবং উর্ধ্বতন কর্মকর্তা জনাব সালমা (মোবাঃ ০১৭৬০-৩৮০৯৯৩)** এর সাথে যোগাযোগ করার জন্য পরামর্শ প্রদান করা হলো ।

অনুমোদনক্রমে-

02.06.2026

(খান তামজিদ আহমেদ)
উপমহাব্যবস্থাপক
ফোন ঃ ০২২২৩৩৬৯৩১

নং-প্রকা/হিসাব-১/১(৪)/২০২৫-২০২৬/১৭৫৮(১২৫০) তারিখঃ০২.০৬.২০২৬

**সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ**

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা
০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক
০৫। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা; বার্ষিক হিসাব সমাপনী জুন, ২০২৬ সংক্রান্ত যাবতীয় কার্যাবলী যথাসময়ে সম্পাদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৬। **সকল উপমহাব্যবস্থাপক/পর্ষদ সচিব, বিকেবি, প্রকা, ঢাকাঃ** সংশ্লিষ্ট বিভাগের সাথে সম্পর্কিত ২০২৫-২৬ অর্থবছরের যাবতীয় খরচ/নগদ অগ্রিম বিমোচিতকরণ এবং সকল আদায়যোগ্য অর্থ আদায়করন ও সমন্বয় সাধন অবশ্যই ৩০ জুন, ২০২৬ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। বিভিন্ন বিভাগে ধারণকৃত সকল নগদ ও ডাক মাসুল বাবদ অর্থ অত্র বিভাগের বিল শাখা হতে ভাউচার করে স্থানীয় মুখ্য কার্যালয়ে বছরের শেষ কর্মদিবসে জমা করবেন।

**প্রকিউরমেন্ট বিভাগ/কর্মীকল্যাণ ও পরিবহন বিভাগঃ** ডেডস্টক (অবচয় বিবরণীসহ) ও স্টেশনারী দ্রব্যের মজুদের বাস্তব পরীক্ষাপূর্বক প্রতিবেদন/বিবরণী তৈরি করে নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ অত্র বিভাগে জমা দিতে হবে।

**এস্টেট এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগঃ** কৃষি ব্যাংকের সকল জমি ও দালানকোঠার তালিকাসহ অবচয় বিবরণী তৈরি করে নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ অত্র বিভাগে জমা দিতে হবে।

**ঋণ শ্রেনীবিন্যাস ও প্রজেক্ট মনিটরিং বিভাগঃ** ৩০.০৬.২৬ তারিখ ভিত্তিক ঋণ শ্রেনীবিন্যাসিত বিবরণী (CL-1) ১০.০৭.২৬ তারিখের মধ্যে অত্র বিভাগে প্রেরণ করবেন।

**আইসিটি সিস্টেমস বিভাগ/আইসিটি অপারেশন বিভাগ/এডিসি ম্যানেজমেন্ট বিভাগঃ** সংশ্লিষ্ট কম্পিউটার হার্ডওয়্যার এবং কম্পিউটার সফটওয়্যার (Intangible Asset) তালিকাসহ অবচয় বিবরণী তৈরি করে নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ অত্র বিভাগে জমা দিতে হবে।

০৭। **উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা'কে অত্র পরিপত্রটি ব্যাংকের Website এ আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। আলোচ্য হিসাব পরিপত্রের বিষয়সমূহ সিবিএসে অন্তর্ভুক্তসহ প্রযোজ্য ক্ষেত্রে এতদবিষয়ে শাখাসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধ করা হলো।**
০৮। সকল উপমহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়/বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ, বাংলাদেশ কৃষি ব্যাংক
০৯। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক
১০। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক
১১। নথি/মহানথি

(মোঃ জাকির হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক